

নির্দেশাবলী

- ১। এই প্রশ্নপত্রটি উত্তরপত্রসহ ১২ পাতা সম্বলিত একটি পুস্তিকা।
- ২। এই পুস্তিকার উত্তরপত্রের প্রত্যেক পাতার দু'দিকেই উত্তর অবশ্যই লিখবেন।
- ৩। যদি এই পুস্তিকায় কোনও রাফ কাজ করা হয়, তবে সেটি পরে পরিষ্কারভাবে শুধু কেটে দেবেন। এই পুস্তিকার কোনও পাতা ছেঁড়া যাবে না।
- ৪। প্রার্থীরা তাঁদের নাম এবং রোল নম্বর এই পুস্তিকার প্রথম পাতায় নির্দেশিত জায়গায় লিখবেন — অন্যত্র নয়। নাম এবং রোল নম্বর উত্তরপত্রের ভিতরে কোনও জায়গায় বা আলাদাভাবে কোন পাতার উপর লিখবেন না।
- ৫। প্রার্থীরা অবশ্যই পরীক্ষা শুরু হবার আগে সমস্ত বই এবং কাগজ পরিদর্শকের কাছে জমা দেবেন।
- ৬। প্রার্থীরা তাঁদের নির্দিষ্ট আসনে বসে থাকবেন যতক্ষণ পর্যন্ত পরিদর্শক সমস্ত উত্তর-পত্র সংগ্রহ করেন।
- ৭। পরিদর্শকের কাছে উত্তরপত্র জমা দেবার পূর্বে প্রার্থীরা অতিরিক্ত উত্তর-পত্র অবশ্যই সেলাই করে দেবেন।
- ৮। প্রার্থীরা নির্ধারিত জায়গা ব্যতীত কোনও জায়গায় তাঁদের নাম, রোল নম্বর অথবা কোনও পরিচয়-চিহ্ন কোথাও লিখবেন না বা রাখবেন না। অন্যথায় শাস্তিমূলক ব্যবস্থার দায় নিতে হবে।
- ৯। পত্র-লিখন বা রিপোর্ট-লিখনের উত্তরপত্রে প্রার্থীরা xyz বা ABC বা কখগ বা যে কোন এই ধরনের চিহ্ন তাঁদের প্রকৃত নাম ও ঠিকানার পরিবর্তে ব্যবহার করবেন।
- ১০। পরীক্ষা শেষ হবার নির্ধারিত সময়ের পূর্বে কোনও প্রার্থী পরীক্ষা-কেন্দ্র ত্যাগ করতে পারবেন না।

Paper - I**Part - B**

বিষয় : বাংলা

পূর্ণমান : 50

1. বিষয় সংক্ষেপ করুন — (একটি শিরোনাম দিতে হবে)

7

দ্বিতীয় মহাযুদ্ধের শেষভাগে, অদ্ভুত একটি বিস্ফোরণে জাপানে হিরোশিমা শহর প্রায় নিশ্চিহ্ন হয়ে গেল। আবার ২/৪ দিন বাদে একই রকম আক্রমণের ফলে নাগাসাকি শহরের অসংখ্য নিরীহ লোক প্রাণ হারালো। এইভাবে বিশ্বমানবের মনে প্রলয়ের বিভীষিকা জাগিয়ে নতুন পারমাণবিক যুগের সূচনা হয়েছে। তারপর থেকে পরীক্ষাগুলো এই ধরনের বিস্ফোরণ হয় নানা স্থলে — তার কথা প্রায়ই খবরের কাগজে ছাপা হয়। এরই ফলে তেজস্ক্রিয় ধূলিকণা পৃথিবীর আকাশে-বাতাসে ছড়িয়ে পড়ছে। বহুদিন বেপরোয়া এই পরীক্ষা চালালে অব্যঞ্জিত জঞ্জাল জড় হয়ে তেজস্ক্রিয়তার প্রভাবে পৃথিবীতে প্রাণশক্তির স্বচ্ছন্দ বিকাশের অন্তরায় ঘটাবে - এই ধরনের কথা সাধারণ লোকের মুখেও মাঝে মাঝে শোনা যাচ্ছে আমাদের দেশে এবং এই স্বৈরাচারের বিরুদ্ধে শোভাযাত্রাও বেরোচ্ছে মাঝে মাঝে।

2. আপনি একটি ঐতিহাসিক স্থান দেখে এসেছেন। আপনার ভ্রমণ-অভিজ্ঞতার কথা জানিয়ে আপনার বন্ধুকে চিঠি লিখুন। (অনধিক ১৫০ শব্দের মধ্যে) 8

অথবা

শহরের বস্তি এলাকায় অবস্থিত একটি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নের পরিকল্পনার কথা জানিয়ে শিক্ষামন্ত্রীর কাছে চিঠি লিখুন।

3. (ক) নির্দেশ অনুযায়ী উত্তর লিখুন (যে-কোন 5টি) —

5

(i) তোমাকে কোনো কঠিন দায়িত্ব পালন করতে বলছি না। জটিল বাক্যে পরিণত করুন।

(ii) আমরা খাওয়া-দাওয়া করে নিয়েছি। ভাববাচ্যে পরিণত করুন।

(iii) জন্মাবধি হইতে একই কথা শুনিয়া আসিতেছি। অশুদ্ধি সংশোধন করুন।

(iv) তার আশা পূর্ণ হয়েছিল। বাক্যটির অর্থ ঠিক রেখে নঞর্থক বাক্যে পরিণত করুন।

(v) সে গরিব হলেও সুখী। যৌগিক বাক্যে রূপান্তরিত করুন।

(vi) জন্মভূমি রক্ষা হেতু কেউ মরতে ভয় পায় না। প্রশ্নবোধক বাক্যে পরিণত করুন।

(খ) চলিত গদ্যে পরিবর্তিত করুন —

5

এক মশক কোনও বৃষের মস্তকের উপর কিয়ৎক্ষণ উড়িয়া অবশেষে তাহার শৃঙ্গের উপর বসিল এবং মনে ভাবিল, হয়ত বৃষ আমার ভারে কাতর হইয়াছে। তখন তাহাকে কহিল, ভাই হে! যদি আমার ভার তোমার অসহ্য হইয়া থাকে, বল, আমি এখনই উড়িয়া যাইতেছি; আমি তোমায় ক্লেশ দিতে চাহি না। ইহা শুনিয়া বৃষ কহিল, তুমি সেজন্য উদ্ভিগ্ন হইও না। তুমি থাক বা যাও, আমার পক্ষে দুই সমান। তুমি এত ক্ষুদ্র যে, তুমি আমার শৃঙ্গে বসিয়াছ, এ পর্যন্ত আমার সে অনুভবই হয় নাই।

(গ) পদান্তর করুন — (যে-কোন ৫টি)

5

আহার, শরীর, রাবণি, পেটুক, খেয়াল, গাঁ।

3. যে-কোনো একটি বিষয় অবলম্বনে অনধিক ২৫০টি শব্দের মধ্যে প্রবন্ধ লিখুন—

20

(ক) দেশ ভ্রমণ - শিক্ষার অঙ্গ

(ভূমিকা — ভ্রমণের প্রকৃত উদ্দেশ্য, শিক্ষামূলক ভ্রমণের প্রাচীন দৃষ্টান্ত, গ্রন্থ বা তত্ত্বগত বিদ্যার অপূর্ণতা, ইতিহাস, ভূগোল, সমাজতত্ত্ব, বিজ্ঞান শিক্ষায় ভ্রমণের গুরুত্ব, ভ্রমণের মাধ্যমে বৃহত্তর জনগোষ্ঠীর পরিচয় লাভ)

(খ) সাম্প্রদায়িকতা — সমস্যা ও সমাধান

(সাম্প্রদায়িকতার অর্থ, সাম্প্রদায়িক মনোভাবের বিবর্তন ও তার বর্তমান রূপ, আমাদের দেশে সাম্প্রদায়িকতার সমস্যা, এই সমস্যার সমাধানে সরকারি ও বেসরকারি প্রয়াস।)

(গ) আপনার আদর্শ মহাপুরুষ

(মহাপুরুষ সম্পর্কে আপনার ধারণা, যাকে আপনার আদর্শ মহাপুরুষ মনে হয় তাঁর পরিচয় ও বৈশিষ্ট্য, কীভাবে তিনি আপনার আদর্শ হয়ে উঠলেন।)